



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/১৩৭/নতুন/ইংলিশ/১০০

তারিখ: ০৭/১০/২০২৬ খ্রি.

বিষয়: বিদেশি কারিকুলাম-এ পরিচালিত Lords (An English medium School)- এর নিবন্ধন নবায়ন।

সূত্র: পরিদর্শনকারী কর্মকর্তার ২০/০৭/২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা মহানগরীর গুলশান থানাধীন 'লর্ডস্ (অ্যান ইংলিশ মিডিয়াম স্কুল)' -কে "রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুলস অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. XX of 1962)" এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত "বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭" এর ৪(২) বিধি মোতাবেক ০১-০১-২০২৩ তারিখ হতে আগামী ০৩ (তিন) বছরের জন্য O- Level এবং A-Level পর্যায়ে নিবন্ধন নবায়ন করা হলো।

বিধিমালায় বর্ণিত শর্তসমূহসহ উক্ত প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে:

- ১। শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না;
- ২। বিধিমালার ৬(৪) বিধি মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে;
- ৩। প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশসহ বিধিমালার ১২ ধারা যথাযথ অনুসরণ করতে হবে।
- ৪। উক্ত বিধিমালার ১৪ বিধি মোতাবেক প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উপ-ধারা ৪ মোতাবেক ২ (দুই) বছরের মধ্যে প্রতিষ্ঠানের নামে নিজস্ব মালিকানাধীন ভূমি ও ভবনে প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে;
- ৫। উক্ত বিধিমালার ১৫ বিধি যথাযথভাবে অনুসরণ পূর্বক শ্রেণিভিত্তিক পাঠদান করতে হবে। পাঠদানের জন্য বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা-সার্বভৌমত্বের বিরোধী পাঠ্যপুস্তক নির্ধারণ করা যাবে না;
- ৬। বিধিমালার ১৯ বিধি অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না;
- ৭। বিধিমালার ২০(৩) বিধি অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফর্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে হবে;
- ৮। বিদ্যালয়ের নামে সংরক্ষিত তহবিলে ন্যূনতম ৫,০০,০০০/- এবং সাধারণ তহবিলে ন্যূনতম ২,০০,০০০/- রাখতে হবে। যা কোনো অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাবে না;
- ৯। সন্তোষজনক ফলাফল অর্জন করতে হবে এবং O-Level, A-Level স্তরের চূড়ান্ত ফলাফলের অনুলিপি জমা দিতে হবে;
- ১০। পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করাসহ জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- ১১। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলণ ও জাতীয় সঙ্গীত পরিবেশনসহ বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করতে হবে;
- ১২। স্বতন্ত্র লাইব্রেরিতে ন্যূনতম ৪০০০টি বই এবং বিজ্ঞানাগারে পর্যাপ্ত সরঞ্জামাদি সংরক্ষণ করতে হবে;
- ১৩। প্রতিষ্ঠানের জন্য বরাদ্দকৃত ভবনে এ প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন কার্যক্রম বা অন্য কোন প্রতিষ্ঠান পরিচালনা করা যাবে না;
- ১৪। নিবন্ধন নবায়নের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অনূন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা পূর্বক নিবন্ধনের আবেদন করতে হবে;
- ১৫। নিবন্ধন নবায়নের আবেদনে প্রদত্ত তথ্যে ভবিষ্যতে কোন ভুল/অসত্য প্রমাণিত হলে কিংবা এ পত্রে বর্ণিত কোন শর্ত প্রতিপালন করা না হলে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিবন্ধন স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যানের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. মোঃ মাসুদ রানা খান

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

☎ ০২-৫৮৬১০০৬৯

ই-মেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক:

অধ্যক্ষ

লর্ডস্ (অ্যান ইংলিশ মিডিয়াম স্কুল)

বাড়ি নং- ৪৫/এ, সড়ক- ১১৬, গুলশান- ১, ঢাকা

মেমো নং- ১০০ (৭)

তারিখ: ০৭/১০/২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ৩। বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক, ঢাকা;
- ৪। কান্দি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি-৩১, রোড-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩;
- ৫। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার, পিয়ারসন এডভেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, সুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পাহুপথ, ঢাকা;
- ৬। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
- ৭। পরিচালক/প্রতিষ্ঠাতা, লর্ডস্ (অ্যান ইংলিশ মিডিয়াম স্কুল), বাড়ি নং- ৪৫/এ, সড়ক নং- ১১৬, গুলশান- ১, ঢাকা;
- ৮। অফিস কপি।

৭.১০.২৬

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

০৫.১০.২০২৬